দৈনিক
জনকণ্ঠ

তারিখ ...10 NOV 2016...
পৃষ্ঠা ...১৫... কলাম.....৫....

# হোমিও মেডিক্যাল কলেজ অধ্যক্ষসহ ১০ জনের বিরুদ্ধে মামলা

**স্টাফ রিপোর্টার, যশোর অফিস ॥** অনিয়ম দুর্নীতির অভিযোগে হোমিও মেডিক্যাল কলেজ এ্যান্ড হাসপাতালের ভারপ্রাপ্ত অধ্যক্ষসহ ১০ জনের বিরুদ্ধে সদর সহকারী জজ আদালতে মামলা হয়েছে। বুধবার কলেজের প্রভাষক আব্দুল্লাহ-আল মামুন বাদী হয়ে এ মামলা করেন। বিচারক হাম্মিদুল ইসলাম অভিযোগ গ্রহণ করে বিবাদীদের প্রতি সমন জারির আদেশ দিয়েছেন। বিবাদীরা হলেন, হোমিও কলেজের ভারপ্রাপ্ত অধ্যক্ষ হাফিজুর রহমান, নড়াইল হোমিও কলেজের প্রভাষক মহিবুল ইসলাম, হোমিও বোর্ডের রেজিস্ট্রার, ম্যানেজিং কমিটির সভাপতি জেলা প্রশাসক, কমিটির সদস্য ডাঃ আনিসুর রহমান, ডাঃ আতিয়ার রহমান, ডাঃ জাহাঙ্গীর হোসেন, এ্যাডভোকেট এমএ গফুর, দাতা সদস্য মাহামুদুর রহমান বাহার ও প্রতিষ্ঠাতা সদস্য বিমল রায় চৌধুরী। অভিযোগে উল্লেখ করা হয়েছে, ২০১৪ সালে অধ্যক্ষের চাকরির মেয়াদ শেষ হওয়ার পর ম্যানেজিং কমিটি তাকে এক বছরের চুক্তিভিত্তিক নিয়োগ দেন। হোমিও বোর্ড চুক্তিভিত্তিক নিয়োগ বাতিল করে সিনিয়র প্রভাষককে ভারপ্রাপ্ত অধ্যক্ষের দায়িত্ব দেয়ার নির্দেশ দেয়। ম্যানেজিং কমিটি সাত বছরের অভিজ্ঞতাসম্পন্ন প্রভাষক হাফিজুর রহমানকে ভারপ্রাপ্ত অধ্যক্ষের দায়িত্ব দেয়। এরপর থেকে ভারপ্রাপ্ত অধ্যক্ষ তার পছন্দের লোক দিয়ে ম্যানেজিং কমিটি গঠন করে বেআইনী কর্মকাণ্ড করে যাচ্ছেন। তিনি বিভিন্ন সময়ে ছাত্র-ছাত্রীদের কাছ থেকে অতিরিক্ত ফি আদায় করে আত্মসাত করেছেন। এ ব্যাপারে ম্যানেজিং কমিটির কাছে অভিযোগ দিলে কোন ব্যবস্থা গ্রহণ করা হয়নি। এছাড়া তিনি মহিবুল ইসলামকে চুক্তিভিত্তিক প্যাথলজি টেকনিশিয়ান হিসেবে নিয়োগ দেন। সম্প্রতি অধ্যক্ষ চাতুরতা অবলম্বন করে মহিবুল ইসলামকে প্রভাষক হিসেবে নিয়োগের জন্য হোমিও বোর্ডের রেজিস্ট্রার বরাবর পত্র দিয়েছেন। পত্রে বদলি নিয়োগ কথাটি উল্লেখ করা হয়নি। নিয়োগ বিধি অনুযায়ী মহিবুল ইসলামকে প্রভাষক পদে নিয়োগ দেয়া হোমিও বোর্ডের বিধিবহির্ভূত। তাকে নিয়োগের ব্যাপারে ভারপ্রাপ্ত অধ্যক্ষ জোর চেষ্টা চালাচ্ছেন। মহিবুল ইসলামের অবৈধ নিয়োগ বন্ধ ও ভারপ্রাপ্ত অধ্যক্ষের অনিয়ম দুর্নীতি রোধে তিনি এ মামলা করেছেন।